জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.১১১

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৮ / ০৫ আগস্ট ২০২১

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : জুলাই ২০২১

১। **'বাউল গানের আসর' সিলেট বিভাগের অনুষ্ঠান সমন্বয় :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে দেশের প্রত্যন্ত অঞ্চলের বাউল শিল্পীদের নিয়ে অনলাইন ভিত্তিক বাউল গানের আসর আয়োজনের ধারাবাহিকতায় ৩ জুলাই ২০২১ রাত ৮টায় সিলেট বিভাগের পর্বটি অনুষ্ঠিত হয়। সিলেট বিভাগের ৪ জেলার ১০জন বাউলশিল্পীকে সম্পৃক্তকরণসহ অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্ব পালন করেন জেলা কালচারাল অফিসার সিলেট অসিত বরণ দাশ গুপ্ত। আয়োজন সংক্রান্ত কাজে সমন্বয় সহযোগী হিসেবে দায়িত্ব পালন করেন জেলা শিল্পকলা একাডেমির উচ্চমান সহকারী রবিউল আহাম্মেদ রনি। উল্লেখ্য যে, অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালকসহ দেশের বরেণ্যবাউলশিল্পী ও গবেষকগণ যুক্ত ছিলেন।

২। **'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতার ব্যাপক প্রচারণা :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে বঙ্গবন্ধু ও বাংলাদেশ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ কর্মসূচিতে অংশগ্রহণের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি ব্যাপক আকারে প্রচার করা হয়।

৩। **প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হয়ে আসছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন। ২০২১ শিক্ষাবর্ষের প্রশিক্ষণ ক্লাস ১ ফেব্রুয়ারি থেকে অনলাইনে শুরু হয়েছে।

৩। **লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষনার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইর্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। করোনা সংকট জনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে বর্তমানে সীমিত পরিসরে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

০৫/০৮/২০২১

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।